# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১২৫. হায়েয ও নিফাস অবস্থায় কী কী কাজ বৈধ?

১. হায়েযওয়ালী স্ত্রীর সাথে স্বামীর গা লাগানো, একত্রে শয়ন করা। (বুখারী: ৩০২; মুসলিম: ৩০২)। তবে স্ত্রী তার হাঁটু থেকে নাভি পর্যন্ত ঢেকে রাখা আবশ্যক। হায়েয অবস্থায় স্ত্রীসহবাস হারাম হলেও তার সাথে অন্য যেকোন প্রকার ফুর্তি আমোদ করতে কোন নিষেধ নেই।

২. একই গ্লাস বা প্লেটে ঋতুবতী স্ত্রীর সাথে পানাহার করা বৈধ। (মুসলিম: ৩০০)

৩. ঋতুবতী স্ত্রীর কোলে মাথা রেখে কুরআন পাঠ করা; (বুখারী: ২৯৭)।

৪. হায়েযাওয়ালী মেয়ে তার স্বামীর খিদমত করা, মাথা ধুয়ে দেওয়া ও চুল আঁচড়িয়ে দেওয়া। (বুখারী: ২৯৫, আধুনিক: ২৮৬)।

৫. ঈদগাহে যাওয়া, ঈদের খুৎবা শোনা ও আসা-যাওয়ার পথে তাকবীর বলা।এটা শুধু জায়েযই নয় বরং মুস্তাহাব। (বুখারী: ৩২৪, আধুনিক: ৩১৩)।

৬. হজ্জ ও ওমরা পালনে শুধুমাত্র কাবাঘর তাওয়াফ করা ছাড়া বাকি সকল হুকুম আহকাম পালন করতে পারবে। যেমন তালবিয়্যাহ পাঠ, যিকর-আযকার ও দুআ সবই করতে পারবে।(বুখারী: ৩০৫, আধুনিক: ২৯৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12864

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন